



সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সিগঞ্জ

২০২০ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার (১ম বর্ষ নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট) ফরম পূরণের বিজ্ঞপ্তি :

তারিখ: ১০/১০/২০১৯ খ্রি:

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০ শিক্ষাবর্ষের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স এবং প্রাইভেট পরীক্ষার ফরম পূরণ নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nubd.info/degree-pass) এ গিয়ে Apply to online form Fillup (For Student)- এ লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে। প্রিন্টকৃত আবেদন নিয়ে অফিস থেকে টাকা জমা দেয়ার রশিদ সংগ্রহ করে পূবালী ব্যাংক, মুন্সিগঞ্জ শাখায় জমা পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট কমিটির নিকট জমা দিতে হবে।

ফরম পূরণের তারিখ ও সময় : (নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট)

তারিখ	বার	শাখা	সময়
১৭/১০/২০২১ খ্রি:	রবিবার	বি.এ/বি.এসসি	সকাল ১০:০০ থেকে দুপুর ১:৩০ টা পর্যন্ত
১৮/১০/২০২১ খ্রি:	সেমাবার	বি.এস.এস	
১৯/১০/২০২১ খ্রি:	মঙ্গলবার	বি.বি.এস	

পরীক্ষা ফি এর বিবরণ : (নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট)

নিয়মিত	অনিয়মিত (যারা বিগত বছরে ফরম পূরণ করেনি)	প্রাইভেট
১৩৫০.০০	১৬৫০.০০	১৫৫০.০০

সার্টিফিকেট কোর্স : (পত্র ফি- ২০০/- + ইনকোর্স- ৩০০/- + কেন্দ্র ফি- ৪৫০ + ব্যব.- ১০০/-) = ১০৫০/- (একহাজার পঞ্চাশ) টাকা।

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী

- (ক) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা (৭০০ নম্বর) :
- ২০১৯-২০ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০২০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
 - ২০১৬-১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছেন তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
 - উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে "স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস" আবশ্যিকসহ নৈর্বাচনিক বিষয়গুলো ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
 - ১ম বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যনীয়।
- (গ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা (২০০ নম্বর) :
- ২০২০ সালের সার্টিফিকেট কোর্স-এ রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় ১ম বর্ষেও নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
 - ২০১৮ ও ২০১৯ সালের সার্টিফিকেট কোর্সের শিক্ষার্থী যারা ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।
 - এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

আবেদন ফরম পূরণের নিয়ম ও প্রয়োজনীয় কাগজপত্রের বিবরণ:

- * রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- * শিক্ষার্থীর সম্প্রতি তোলা ০২ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।
- * ব্যাংকে টাকা জমা দেওয়ার রশিদের ফটোকপি দিতে হবে।

বি: দ্র: নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের কোন সুযোগ থাকবে না।

অধ্যক্ষ
১০.১০.১৯
সরকারি হরগঙ্গা কলেজ
মুন্সিগঞ্জ

পেকের মোঃ আব্দুল হাই তালুকদার
অধ্যক্ষ
সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সিগঞ্জ
আইডি নং- ৩৩৬